



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-০৩

০৮ ফেব্রুয়ারি ২০২৩

তারিখ: -----

২৫ মাঘ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## কর্মকর্তা পদোন্নতি নীতিমালায় ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা পাশ বাধ্যতামূলক করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮ তারিখ: ১৩ অক্টোবর ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকে কর্মরত অফিসার ও সমমানের পদ হতে মহাব্যবস্থাপক ও সমমানের (প্রধান নির্বাহীর অব্যবহিত নিচের এক স্তর ব্যতীত অন্যান্য সকল কর্মকর্তা, যে নামেই অভিহিত হোক না কেন) পদ পর্যন্ত প্রতিটি ধাপে পদোন্নতির ক্ষেত্রে বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ব্যাংকিং ডিপ্লোমা (JAIBB ও DAIBB) পরীক্ষায় পাশের জন্য একটি নির্দিষ্ট নম্বর বরাদ্দ রাখতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। দেশের সামগ্রিক উন্নয়নে ব্যাংকিং খাতের গুরুত্ব অপরিসীম। তাই এ খাতে মৌলিক ব্যাংকিং জ্ঞান সম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরী এবং সিদ্ধান্ত গ্রহণে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির আবশ্যিকতা অনস্বীকার্য। ব্যাংকিং আইন ও নিয়মাচার অনুশীলন সম্পর্কিত বিষয়ে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জ্ঞান ও অভিজ্ঞতার একটি মানদণ্ড হলো দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক পরিচালিত দুই পর্বের (JAIBB ও DAIBB) ব্যাংকিং ডিপ্লোমা ডিগ্রি অর্জন। ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার পাঠ্যক্রম ব্যাংকিং বিষয়ক যাবতীয় তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অন্তর্ভুক্তকরণপূর্বক প্রণীত হয় যেখানে JAIBB পরীক্ষায় ব্যাংকিং সম্পর্কিত প্রাথমিক ও মৌলিক জ্ঞান এবং DAIBB পরীক্ষায় উচ্চতর ব্যাংকিং জ্ঞান ও দক্ষতা যাচাই করা হয়। উল্লেখ্য, JAIBB ও DAIBB পরীক্ষায় উত্তীর্ণদের ব্যাংকিং ডিপ্লোমা সনদ প্রদান করা হয়ে থাকে।
- ০৪। এক্ষণে, ব্যাংক কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সিনিয়র অফিসার অথবা সমতুল্য পদের পরবর্তী সকল পদে পদোন্নতির যোগ্যতার তালিকায় অন্তর্ভুক্তির জন্য ব্যাংকিং ডিপ্লোমা উভয় পর্ব পাশ বাধ্যতামূলক করা হলো। তবে, ব্যাংকিং কার্যক্রমে সরাসরি সংশ্লিষ্ট নয়, যেমন: ডাক্তার, প্রকৌশলী (পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎকৌশল ও আইটি প্রফেশন এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা) এবং প্রচার ও প্রকাশনা পদে নিয়োগকৃত কর্মকর্তাদের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।
- ০৫। এ নির্দেশনা ০১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে কার্যকর হবে এবং বিআরপিডি সার্কুলার নং-১৮ তারিখ: ১৩ অক্টোবর ২০২০ এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা রহিত বলে গণ্য হবে।
- ০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২।